



সাপ্তাহিক WEEKLY BANGALEE

কণ্ঠস্বা



MOST WIDELY READ WEEKLY NEWSPAPER IN BANGLA

VOL 19 □ ISSUE 977 □ SUNDAY 16 MAY '10 □ ২ জৈষ্ঠ্য ১৪১৭ □ ২ জুমাদিউস সানি ১৪৩১ □ মূল্য \$1.00

ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশনের প্রবাসে বর্ষবরণ ও অভিষেক অনুষ্ঠিত

নিউইয়র্কঃ আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টস ট্রাইস্টেটের প্রবাসে বর্ষবরণ ও অভিষেক অনুষ্ঠান গত ৮ মে শনিবার সন্ধ্যায় উডসাইডের ঢাকা ক্লাবে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশের প্রাক্তন প্রকৌশলী মুহাম্মদ বজলুর রহমান। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন পাট প্রেসিডেন্ট এনাম হক পিই। অভিষেক অনুষ্ঠানে ২০০৯-২০১০ সালের নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ পরিচালনা করেন সংগঠনের প্রাক্তন সভাপতি এবং বোর্ড অব ট্রাস্টির চেয়ারপার্সন প্রবীণ ইঞ্জিনিয়ার আলি আশরাফ মাসুদ মিঞা পিই। শপথ অনুষ্ঠান শেষে সংগঠনের সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান পিই সংগঠনের বিভিন্ন কার্যক্রমের উপর বক্তব্য রাখেন। সাধারণ সম্পাদক তার বক্তব্যে প্রবাসী প্রকৌশলীদের সেবা প্রদান ছাড়াও এই সংগঠন বাংলাদেশে বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ২০০৮-২০০৯ সালে ৪,২০৯ ডলার বৃত্তি প্রদান করেছে বলে তিনি উল্লেখ করেন।

সভাপতি ছদরুল হুসেন পিই উপস্থিত সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন, নতুন বছরের শুভাগমন বাঙালী জীবনে নতুন আলোর সন্ধান এবং নতুন করে বাঁচার প্রেরণা দেয়। প্রবাসে বাঙালী সংস্কৃতি ও ঐতিহ্যকে সংরক্ষণের মধ্য দিয়ে নিজেদের পরিচিতিতে সূচিহিত করেই বিশ্বসভায় মাথা উঁচু করে চলা সম্ভব। তিনি বলেন, বিশ্বায়নের যুগে প্রবাসে থেকে আমরা সবাই যেন বলতে পারি 'সব জুড়ে যাই তাও ভুলি না বাংলা মায়ের কোল'- প্রবাসী প্রকৌশলী এবং স্থপতিগণ যেন বাংলা মায়ের অবদান ভুলে না যান। প্রবাসী প্রকৌশলী এবং স্থপতির সাংঘবদ্ধভাবে আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টসের পতাকাভালে বাংলাদেশের অবকাঠামো উন্নয়নে অবদান রাখা, বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগে সাহায্যের হাত প্রসারিত করা, বাংলাদেশের বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে পাঠরত গরিব ও মেধাবী ছাত্রের সহায়তা, বাংলাদেশ থেকে সদ্যাগত প্রকৌশলী এবং আর্কিটেক্টদের দিকনির্দেশনা, তাদের কর্মসংস্থানে সার্বিক সহায়তা, তাদের পেশার মান উন্নয়ন, তাদের সেবামূলক কাজের জন্য অর্থ সংগ্রহের ব্যবস্থা এই কাজগুলো করার আহবান জানান।

প্রধান অতিথি প্রকৌশলী মুহাম্মদ বজলুর রহমান বলেন, নবাগত প্রকৌশলীদের নিজ নিজ পেশায় কর্মসংস্থানের সহায়তা করা ও তাদের পথ প্রদর্শক হিসাবে এই এসোসিয়েশনের ভূমিকা অপরিসীম। নানা সমস্যা সত্ত্বেও নবাগতদের পেশাগত ও সামাজিক প্রক্রিয়ায় সম্পৃক্ত করতে অসাধারণ ভূমিকা এই এসোসিয়েশনের সদস্যরা নীরবে পালন করে চলছেন।

ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশনের নতুন কমিটির কর্মকর্তারা হলেন, প্রেসিডেন্ট ছদরুল হুসেন পিই, প্রেসিডেন্ট ইলেক্ট মুহাম্মদ একরাম উল্লাহ পিই, সেক্রেটারী মুহাম্মদ সিদ্দিকুর রহমান পিই, কোষাধ্যক্ষ মোহাম্মদ আসাদ হক পিই, সাংস্কৃতিক সম্পাদক সামিউল হক, প্রচার সম্পাদক মোহাম্মদ আবদুল হাই, নির্বাহী সদস্য- মোহাম্মদ রেজাউল হক পিই ও কাজী মোস্তাক আহমেদ।

সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করেন জিনাত রেহানা রত্না, আল আমিন প্রমুখ। শ্যামা কোরেসী নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন শাহনেওয়াজ রহিম, প্রকৌশলী মাহনাজ হাসান এবং প্রকৌশলী সোহেলি নাসরিন মিয়া। সংবাদ বিজ্ঞপ্তির।